# আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৫০

## আরবি মূল আয়াত:

قَدْ قَالَهَا الَّذِينَ مِن قَبْلِهِمْ فَمَا أَغْنَىٰ عَنْهُم مَّا كَانُوا يَكْسِبُونَ ﴿٥٠﴾

## অনুবাদসমূহ:

অবশ্যই তাদের পূর্ববর্তীরা এটা বলেছিল। কিন্তু তারা যা অর্জন করেছে তা তাদের কোন কাজে আসেনি। — আল-বায়ান

তাদের আগে যারা ছিল তারাও এ কথাই বলত। কিন্তু তারা যা করত তা তাদের কোনই কাজে আসেনি। — তাইসিরুল

তাদের পূর্ববর্তীরাও এটাই বলত, কিন্তু তাদের কৃতকর্ম তাদের কোন কাজে আসেনি। — মুজিবুর রহমান

Those before them had already said it, but they were not availed by what they used to earn. — Sahih International

৫০. অবশ্যই তাদের পূর্ববর্তীরা এটা বলত, কিন্তু তারা যা অর্জন করেছে তা তাদের কোন কাজে আসেনি।

-

তাফসীরে জাকারিয়া

(৫০) ওদের পূর্ববর্তীগণও তাই বলত, কিন্তু ওদের কৃতকর্ম ওদের কোন কাজে আসেনি। [1]

[1] যেমন, কারূনও বলেছিল। কিন্তু পরিশেষে তাকেও তার ধন-ভান্ডার সহ যমীনে ধসিয়ে দেওয়া হয়েছিল।فَمَا أَغْنَى তে  مَاঅক্ষরটি 'ইস্তিফহামিয়া' (জিজ্ঞাসাবাচক)ও হতে পারে এবং 'নাফিয়া' (নেতিবাচক)ও হতে পারে। আর উভয় অর্থই সঠিক।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন